যুগান্তর

তারিখ 17 [illegible] 2015
পৃষ্ঠা ১৮ কলাম ০২

# কুয়েটে ওয়েস্টসেফ-১৫ শীর্ষক আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন

খুলনা ব্যুরো

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) সোমবার সকালে 'উন্নয়নশীল দেশসমূহে পৌর বর্জ্য ব্যবস্থাপনা' শীর্ষক তিন দিনব্যাপী ৪র্থ আন্তর্জাতিক সম্মেলনের উদ্বোধন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন খুলনা জেলা পরিষদের প্রশাসক শেখ হারুনুর রশীদ। কুয়েটের ভিসি প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি ছিলেন ইটালীর প্যাডোভা ইউনিভার্সিটির প্রফেসর ও আইডব্লিউডব্লিউজি'র ড. রাফায়েলো কসু, জার্মানির বা'হস ইউনিভার্সিটি ওয়েমারের প্রফেসর ড. ইকার্ড ক্রাফট, জাপানের হোকাইদো ইউনিভার্সিটির প্রফেসর এবং আইডব্লিউডব্লিউজি-এআরবির (এশিয়ান রিজিওনাল ব্রাঞ্চ) ড. তোশিহিকো মাতসুতো। থিম পেপার উপস্থাপন করেন ইউনিভার্সিটি অব জাগরিব ও ইউনিভার্সিটি অব অ্যাপলাইড সায়েন্স ভেলিকা গোরিকা ক্রোয়েশিয়া এর প্রফেসর ড. সানজা কালামবুরা।